# সামাজিক

# ও

# রাজনৈতিক জীবন

## আজকের পাঠ

গণমাধ্যম

১) গণমাধ্যম কি?

**✓ যোগাযোগের সকল পদ্ধতিকে গণমাধ্যম বলা হয়। এই গণমাধ্যমের সুফলতায় আমাদের যেমন যোগাযোগ ব্যবস্থায় উন্নতি হয়েছে তেমনি তথ্য সরবরাহে সুবিধা হয়েছে।**

২) তথ্য ও বিভিন্ন খবর সরবরাহে উপযোগী বিভিন্ন গণমাধ্যমের নাম করো?

**✓ টিভি, রেডিও, টেলিফোন, সংবাদপত্র ও ইন্টারনেট।**

৩) মুদ্রণের মাধ্যমে কোন গণমাধ্যম জনসাধারণের নিকট প্রয়োজনীয় তথ্য প্রদান করে?

**✓ সংবাদপত্র ও সামিয়িক পত্রিকা**

৪) কোন গণমাধ্যমকে বৈদ্ধতিন মাধ্যম বলা হয়?

**✓ টিভি, রেডিও ও বর্তমানে ইন্টারনেট ব্যবস্থা**

৫) কিসের উন্নতির ফলে গণমাধ্যমের গুণগত মানের বিকাশ হয়েছে এবং বেশিসংখ্যক লোকের মধ্যে পৌঁছানো সম্ভব হয়েছে?

**✓ আধুনিক প্রযুক্তির উন্নতি ও যন্ত্রপাতির পরিবর্তন ও উন্নত যন্ত্রপাতির পরিবর্তনের ফলে**

৬) কোন মাধ্যমে সরকার ও জনসাধারণের মধ্যে যোগসূত্র রক্ষা হয়?

**✓ বিভিন্ন গণমাধ্যম (রেডিও, টেলিভিশন, সংবাদপত্র ও ইন্টারনেট)**

৭) জনসাধারণের বিভিন্ন অভিযোগ ও দাবি সরকারের সমক্ষে তুলে ধরতে কোন মাধ্যম অগ্রণী ভূমিকা গ্রহণ করে?

**✓ বিভিন্নগণমাধ্যমের মাধ্যমে (রেডিও, টেলিভিশন, সংবাদপত্র, ইন্টারনেট ও গণমিছিল ও ধর্না)**

৮) গণমাধ্যমের সুবিধা কি?

**✓ ১) যোগাযোগ ও তথ্য প্রদানের ক্ষেত্রে গণমাধ্যম অগ্রণী ভূমিকা গ্রহণ করে।**

**২) এই মাধ্যম সরকার ও জনসাধারণের মাধ্যমে যোগসূত্র সুগম হয়।**

**৩) ভারত সরকার ও বিভিন্ন রাষ্ট্রনেতা মধ্যকার বিভিন্ন কূটনৈতিক সম্পর্ক সমন্ধে আমরা অবগত হতে পারি।**

**৪) তাছাড়া বিভিন্ন আমোদ প্রমোদের ক্ষেত্রে গণমাধ্যম ব্যবহৃত হয়।**

৯) বৈদ্যুতিন গণমাধ্যম যেমন রেডিও, টেলিভিশন আয়ের উৎস কি?

**✓ বিভিন্ন পণ্যসামগ্রী যেমন গাড়ি, চকোলেট, বস্ত্র, মোবাইল ফোন, সাবান ও শ্যামপু প্রভৃতি বিষয়ের বিজ্ঞাপন প্রচার করা।**

১০) বস্তুনিষ্ঠ প্রতিবেদন কি?

**✓ বস্তুনিষ্ঠ প্রতিবেদন হলো এমন একটি প্রতিবেদন যা আলোচনায় কোন একটি নির্দিষ্ট ঘটনার সকল তথ্য পাঠকের কাছে এমন ভাবে তুলে ধরা হয় যে তথ্য পাঠ করে জনগণ নিজেদের মতামত স্থির করতে পারে।**

১১) বস্তুনিষ্ঠ প্রতিবেদনের উপর কোন বিষয়টি নির্ভর করে?

**✓ স্বাধীন সংবাদমাধ্যম**

১২) স্বাধীন সংবাদমাধ্যম কি?

**✓ যে সংবাদমাধ্যম সংবাদ পরিবেশনায় অন্যকোন নিয়ন্ত্রণ ও কারোর হস্তক্ষেপ থাকে না সেটাকেই স্বাধীন সংবাদমাধ্যম বলা হয়।**

১৩) সেন্সরশীপ বলতে কি বুঝানো হয়েছে?

**✓ যখন সরকার কোন একটি সংবাদমাধ্যম ও সিনেমার একটি দৃশ্য বা কোনো সংগীতের আবেগধর্মী অংশ সাধারণ মানুষের মধ্যে প্রচারের ক্ষেত্রে হস্তক্ষেপ করে তখন তাকে সেন্সরশীপ বলা হয়।**

১৪) কিসের মাধ্যমে সরকার গণমাধ্যমের উপর নিয়ন্ত্রণ করতে পারে?

**✓ সেন্সরশীপ**

১৫) মুদ্রন প্রক্রিয়ার প্রাথমিক প্রয়াস কবে থেকে শুরু হয়েছিল?

**✓ ১৪৪০ সালে জোহান গুটেন বাগের দ্বারা ছাপাখানার মাধ্যমে।**

১৬) কোন সংবাদপত্রগুলো ব্রিটিশ ভারতে জাতীয়তাবাদী আন্দোলনের সঙ্গে যুক্ত ছিল এবং সে সব সংবাদপত্রের উপনিবেশিক রোষানলে পড়তে হয়েছিল?

**✓ কেশরী (মারাঠি ভাষায়), অমৃতবাজার পত্রিকা (ইংরেজী) এবং মাথরভূমি ( মালয়ালম)**

১৭) রাজা রামমোহন রায়ের কোন দুটি পত্রিকায় তাঁর জাতীয়তাবাদী ও গণতান্ত্রিক চিন্তাধারার ভাব প্রকাশিত হয়?

**✓ ১৮২১ সালের ‘ সংবাদ কৌমুদী ‘ (বাংলা) এবং ১৮২২ সালের ‘ মিরাট – উল – আকবর ‘ (পারসি)।**

১৮) “ সোমপ্রকাশ “ পত্রিকার প্রকাশনা কে শুরু করেন?

**✓ ১৮৫৮ সালে ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর (বাংলা ভাষায়)**

১৯) বেতার মাধ্যমে কিছু জনপ্রিয় চ্যানেল এর নাম উল্লেখ করো?

- ✓ আন্তজার্তিক:- বিবিসি, সিবিসি
- **ভারতীয়:- অল ইন্ডিয়া রেডিও, বিবিধ ভারতী**

২০) ভারতের টেলিভিশন জগতে দীর্ঘদিন চলা একটি ধারাবাহিক অনুষ্ঠানের নাম যাতে বিনোদনের সাথে শিক্ষামূলক বিষয় প্রদর্শন করা হয়?

✓ **হামলোগ (১৯৮৪-৮৫**

২১) স্বাধীন ভারতের কতসালে গনমাধ্যমের উপর সেন্সরশীপ লাগানো হয়?

✓ **১৯৭৫ সালে জাতীয় জরুরীকালীন অবস্থায়**

# সমাপ্ত

## ধন্যবাদ